



স

অনেকজনের অপরিচিত (যথা বিদেশি স্থান-নাম কি ব্যক্তি-নাম), তা হলে সেটা গোটা-গোটা অক্ষরে লেখা উচিত। প্রেসের তাতে সুবিধা হয়।

দ্বিতীয় স্তরে আছেন কম্পোজিটর/অপারেটর। কপির মধ্যেই যদি ভুল থাকে, তবে তার দায়িত্ব কম্পোজিটর কিংবা অপারেটরের নয়। লেখাটি তিনি যেমন দেখেছেন, তেমনই কম্পোজ করবেন। কিন্তু তেমনটাই কি সর্বদা হয়? না, তাও হয় না। তার একটা কারণ অবশ্যই অসতর্কতা। সর্বদা তিনি সতর্ক থাকেন না বলেই মূল কপি ও কম্পোজিশনে অনেক সময় পার্থক্য ঘটে যায়। কোনও-কোনও শব্দ হয়তো একবারের জায়গায় দু'বার কম্পোজ করা হয়, আবার কপির উপরে নজর ঠিকমতো রাখতে পারেননি বলে কোনও শব্দ কি বাক্যাংশ হয়তো আদৌ কম্পোজ করা হয় না। হয়তো ছাড় পড়ে যায় পুরো একটা বাক্য অথবা অনুচ্ছেদ। বানানের হেরফেরও ঘটে বই কী। ফোটা-টাইপসেটিং যন্ত্রে ভুল-চাৰি টেপার ফলে ঘটে যুক্তাক্ষরের বিভ্রাট। কপি যিনি কম্পোজ করছেন, সারাক্ষণই তাঁর ও অতএব সতর্ক থাকা চাই। তিনি জানেন নিশ্চয় যে, যারা পাকা কম্পোজিটর কিংবা অপারেটর, উপরন্তু সদাসতর্ক, তাঁদের কম্পোজ-করা ম্যাটারে যৎসামান্য ভুল বার হয়; অনেক ক্ষেত্রে আদৌ বার হয় না।

তৃতীয় স্তরে আছেন প্রুফ-রিডার। অনেকের ধারণা, প্রুফ সংশোধনের কাজটা খুবই সহজ। ভারী তো লেখার সঙ্গে প্রুফটাকে মিলিয়ে নেওয়া, এ আর এমন শক্ত কী! এমন ধারণা গ্রাহ্য হবার যোগ্য নয়। বিশেষ করে সেই প্রুফ-রিডারদের ক্ষেত্রে তো এমন কথা আদৌ খাটে না, যারা চাইছেন যে, যে-লেখার প্রুফ সংশোধনের দায়িত্ব তাঁরা নিয়েছেন, ছাপা হবার পরে তাতে একটিও ভুল থাকবে না। না বানানের ভুল, না ভাষার ভুল, না তথ্যের ভুল। এটা যদি কামা, আশা করা স্বাভাবিক যে, বানানে তাঁরা দক্ষ হবেন, এবং নির্ভুল ভাষা ও বাক্যগঠন সম্পর্কেও সম্যক ধারণা থাকবে তাঁদের। (সেইসঙ্গে, যে-প্রতিষ্ঠানের তাঁরা কর্মী, বানান সম্পর্কে তার যদি কোনও নির্দিষ্ট নিয়ম থাকে, তবে সেটাও তাঁরা মান্য করে চলবেন।)

এর পরেও অবশ্য একটা কর্তব্য তাঁদের থেকে যায়। একথা ঠিকই যে, কপির মধ্যেই যদি ভুল থাকে, তবে তার দায়িত্ব কিছুতেই প্রুফ-রিডারের উপরে অর্শ্য না। তবু বসি, কপির মধ্যে তথ্যের কোনও ভুল যদি তাঁদের চোখে ধরা পড়ে, তবে বিনা দ্বিধায় সে সম্পর্কে তাঁরা লেখকের অথবা প্রুফ-রিডারের সঙ্গে যোগাযোগ করা যদি একান্তই সম্ভব না হয়, তা হলে (লেখকের সঙ্গে যোগাযোগ করা যদি একান্তই সম্ভব না হয়, তা হলে) বিভাগীয় সম্পাদকের দৃষ্টি আকর্ষণ করবেন। ভুল ধরিয়ে নিলে কোনও লেখকেরই অসন্তুষ্টি হওয়া উচিত নয়। তা তাঁরা হনও না। বরং এই ভেবে